

B.A. 4th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course : SEC-2

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- (ক) প্রাতিষ্ঠানিক চিঠিতে সংযুক্তি (Enclosure)-র গুরুত্ব কোথায়?
 (খ) ব্যবহারিক চিঠিপত্র বলতে কী বোঝায়? উদাহরণ দাও।
 (গ) রাজনৈতিক প্রতিবেদন কী? উদাহরণ দাও।
 (ঘ) প্রতিবেদন ও সংবাদের মধ্যে দুটি বৈসাদৃশ্য লেখো।
 (ঙ) অনুচ্ছেদ ও পরিচ্ছেদের মধ্যে একটি সাদৃশ্য ও একটি বৈসাদৃশ্য দেখাও।
 (চ) অনুচ্ছেদ রচনার নিয়মগুলি কী কী?
 (ছ) ভাবার্থ কী তা সংক্ষেপে বুঝিয়ে দাও।
 (জ) সারসংক্ষেপ ও ভাবার্থের মধ্যে তফাত উল্লেখ করো।

২। যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) ভাবসম্প্রসারণ-এর সংজ্ঞা লেখো। ভাবসম্প্রসারণ লেখার নিয়মগুলির উল্লেখ করো।
 (খ) প্রতিবেদন-এর সংজ্ঞা দাও। প্রতিবেদন কয় প্রকার ও কী কী?
 (গ) লেখকের ভাবপ্রকাশের দুইটি ভিন্ন মাধ্যম—ভাবার্থ ও ভাবসম্প্রসারণ— আলোচনা করো। ভাবসম্প্রসারণ লেখার ক্ষেত্রে একান্ত পরিত্যাজ্য বিষয় কী?
 (ঘ) রক্তদানের প্রয়োজনীয়তা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির একটি শিরোনাম লেখো।

৩। যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) অনুচ্ছেদ রচনা করো (যে কোনো একটি)।

১০

(অ) বাংলার লোকায়ত দেব-দেবী

(আ) দ্রব্যমূল্যবৃদ্ধি ও জনজীবন

(খ) ভাবসম্প্রসারণ করো (যে কোনো একটি)।

১০

(অ) ধর্মের বেশে মোহ যারে এসে ধরে
অন্ধ সে-জন মারে আর শুধু মরে।

(আ) জগৎ জুড়িয়া এক জাতি আছে
সে জাতির নাম মানুষ-জাতি।

(গ) সাম্প্রতিক ভয়াবহ রেল-দুর্ঘটনা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির একটি যথাযথ শিরোনাম দাও।

১০

(ঘ) ভাবার্থ লেখো (যে কোনো একটি)।

১০

(অ) অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দ্যাখে তা'রা;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই—প্ৰীতি নেই—করণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।

যাদের গভীর আস্থা আছে আজো মানুষের প্রতি
এখনো যাদের কাছে স্বাভাবিক ব'লে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

(আ) বনের পাখি বলে, আকাশ ঘন নীল

কোথাও বাধা নাহি তার।

খাঁচার পাখি বলে, খাঁচাটি পরিপাটি

কেমনে ঢাকা চারি ধার।

বনের পাখি বলে, আপনা ছাড়ি দাও

মেঘের মাঝে একেবারে।

খাঁচার পাখি বলে, নিরীলা সুখকোণে

বাঁধিয়া রাখো আপনারে!

বনের পাখি বলে—না,

সেথা কোথায় উড়িবারে পাই।

খাঁচার পাখি বলে—হায়,

মেঘে কোথায় বসিবার ঠাই!